

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. কেউ সালাতের ওয়াক্তে ঘুমিয়ে থাকলে বা সালাতের কথা ভুলে গেলে

باب فِي مَنْ نَامَ عَنِ الصَّلَاةِ، أَوْ نَسِيَهَا

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا خَالِدٌ، عَنْ حُصَيْنٍ، عَنِ ابْنِ أَبِي قَتَادَةَ، عَنْ أَبِي قَتَادَةَ، فِي هَذَا الْخَبَرِ قَالَ فَقَالَ " إِنَّ اللهَ قَبَضَ أَرْوَاحَكُمْ حَيْثُ شَاءَ وَرَدَّهَا حَيْثُ شَاءَ قُمْ فَأَذِّنْ بِالصَّلَةِ ". فَقَامُوا فَتَطَهَّرُوا حَتَّى إِذَا ارْتَفَعَتِ الشَّمْسُ قَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَصلَلَى بِالنَّاسِ.

_ صحيح : خ

বাংলা

৪৩৯। আবৃ কাতাদাহ্ (রাঃ) সূত্রে অনুরূপ হাদীস বর্ণিত। তিনি বলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ নিশ্চয় আল্লাহ তাঁর ইচ্ছা মোতাবেক তোমাদের রূহসমূহকে আটকে রেখেছিলেন, আবার তাঁর ইচ্ছা মোতাবেক ছেড়েও দিয়েছেন। উঠো এবং সালাতের আযান দাও। অতঃপর সকলে উঠে অযু করে নিল। ইতোমধ্যে সূর্যও উপরে উঠে গেল। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন এবং লোকদের নিয়ে সালাত আদায় করলেন।[1]

সহীহ: বুখারী।

English

This tradition has also been reported by Abu Qatadah through a different chain of narrators. He said (that the Prophet (ﷺ) said):

"Allah takes your souls as He wishes, and returns them as He wishes. Stand up and call the Adhan to prayer." They (the Companions) stood and performed ablution. When the sun rose high, the Prophet (ﷺ) stood and led



the people in prayer.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাতের ওয়াক্তসমূহ, অনুঃ ওয়াক্ত চলে যাওয়ার পর আযান দেয়া, হাঃ ৫৯৫), নাসায়ী (অধ্যায়ঃ সালাত, হাঃ ৮৪৫), আহমাদ (৫/৩০৭) ইবনু খুযাইমাহ (৪০৯), সকলেই হুসাইন সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন